



আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd

ডিএফআইএম সার্কুলার লেটার নং-০৯

তারিখ: ০৪ জ্যৈষ্ঠ ১৪৩০
১৮ মে ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

“Guidelines on Cloud Computing”

উপর্যুক্ত বিষয়ে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের বিআরপিডি সার্কুলার নং-০৫, তারিখ: ১৬ মার্চ ২০২৩ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত সার্কুলারের মাধ্যমে ক্লাউড সেবার ক্ষেত্র, ক্লাউড অবকাঠামো, ক্লাউড তথ্য ব্যবস্থাপনা, ক্লাউড প্রযুক্তির বাস্তবায়ন, ক্লাউড সেবা গ্রহণের শর্তাবলীসহ ক্লাউড সেবা প্রদানকারীর সার্বিক ব্যবস্থাপনা, ক্লাউড গভর্নেন্স, ক্লাউড সেবা ব্যবহারের ঝুঁকি নিরূপণ, তথ্যের গোপনীয়তা ও নিরাপত্তা নিশ্চিতকরণ, ক্লাউড সংক্রান্ত নিরীক্ষা ও পরিপালন নিশ্চিতকরণ এবং সর্বোপরি ক্লাউড প্রযুক্তির বিষয়ে প্রশিক্ষণ ও সচেতনতা বৃদ্ধি প্রভৃতি বিষয়কে সমন্বিত করে “Guidelines on Cloud Computing” শীর্ষক একটি নীতিমালা জারি করা হয়। ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক জারিকৃত উক্ত নির্দেশনাটি আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্যও প্রযোজ্য।

৩। ক্লাউড কম্পিউটিং সংশ্লিষ্ট যে কোন কার্যক্রমের ক্ষেত্রে বর্ণিত নীতিমালাটি যথাযথ অনুসরণের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

৪। আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ আদেশ জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ আমির উদ্দিন)
পরিচালক (ডিএফআইএম)
ফোনঃ ৯৫৩০১৭৮